বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২০৯৮(১২৫৩) তারিখঃ ০১/০৩/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সিএমএসএমই খাতে অর্থায়নের ক্ষেত্রে অনুসরণের জন্য অত্র বিভাগ কর্তৃক জানুয়ারী/২০২০ তারিখ হতে অদ্যাবধি জারীকৃত গুরুত্বপূর্ণ সার্কুলার ও সার্কুলার লেটার সমূহের তালিকা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সিএমএসএমই খাতে অর্থায়নের জন্য সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের মাস্টার সার্কুলারসহ অত্র বিভাগ কর্তৃক জানুয়ারী/২০২০ তারিখ হতে অদ্যাবধি জারীকৃত সার্কুলার ও সার্কুলার লেটার সমূহের মধ্যে অধিকতর গুরুত্বপূর্ণ সার্কুলার ও সার্কুলার লেটার সমূহের তালিকা নিম্নে উপস্থাপন করা হলোঃ

ক্রঃ নঃ	বিষয়	সার্কুলার লেটার নং ও তারিখ	মন্তব্য
১.	কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার প্রসঙ্গে।	৩০৮(১২৫০), ২৫/০৯/২০১৯	সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের মাস্টার সার্কুলার জারীকরন।
২.	এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন এবং লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।	৮০৪(১২০০), ১৭/০২/২০২০	নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন এবং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দিক-নির্দেশনা প্রদান করা হয়।
৩.	বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ মোতাবেক ঋণ প্রদানের জন্য উদ্যোক্তাদের যোগ্যতার নির্ধারিত বয়সসীমা শিথিলকরণ প্রসঙ্গে।	সার্কুলার লেটার নং-৯২৫, ২৬/০২/২০২০	অত্র ব্যাংক কর্তৃক প্রণীত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর উদ্যোক্তাদের যোগ্যতা অনুচ্ছেদ ১৪(খ) এ বর্ণিত "১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং ৬০ বছরের বেশী হওয়া যাবে না (দেউলিয়া, মাদকাসক্ত, উন্মাদ ও জড় বুদ্ধিসম্পন্ন নন এমন ব্যক্তি)" এর পরিবর্তে "একজন পূর্ণবয়স্ক ব্যক্তি হতে হবে (দেউলিয়া, মাদকাসক্ত, উন্মাদ ও জড় বুদ্ধিসম্পন্ন নন এমন ব্যক্তি)" দ্বারা প্রতিস্থাপন করা হয়।
৪.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।	১১২৩(১২৫০) ২৯/০৪/২০২০	প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০জারীকরণ।
৫.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই খাতে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কীম প্রসঙ্গে।	১১২৯(১২৫০) ০৪/০৫/২০২০	প্রণোদনা প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৯/০৪/২০২০ জারীকরণ।
৬.	সিএমএসএমই উদ্যোক্তা হিসাবে ঋণ/বিনিয়োগ এর আবেদনপত্র অধিকতর গ্রাহক বান্ধব (Borrower Friendly) করণ প্রসঙ্গে।	২১৭(১২০০), ২৮/০৭/২০২০	সিএমএসএমই উদ্যোক্তা হিসাবে ঋণ/বিনিয়োগ এর নমুনা আবেদনপত্র প্রেরন এবং শাখা পর্যায়ে হেল্প ডেস্ক স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
৭.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ প্রসঙ্গে।	৩৮৮(১২০০), ১৮/০৮/২০২০	পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি বিশেষত মঞ্জুরীপত্রের অসঙ্গতিসমূহ নিরসনের নির্দেশনা প্রদান করা হয়।
৮.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ প্রসঙ্গে।	৪৮০(১২০০), ০১/০৯/২০২০	পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে চাহিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-০২

ক্রঃ নঃ	বিষয়	সার্কুলার লেটার নং ও তারিখ	মন্তব্য
৯.	২০২০-২০২১ অর্থবছরে ক্লাস্টার ভিত্তিক এসএমই অর্থায়নের লক্ষ্যমাত্রা বন্টন প্রসঙ্গে।	৬১২(১২০০), ১০/০৯/২০২০	ক্লাস্টার ভিত্তিক এসএমই অর্থায়নের লক্ষ্যমাত্রা বন্টন।
১০.	২০২০-২০২১ অর্থবছরে এসএমই'র আওতায় বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।	৮৯৪(১২০০), ১১/১০/২০২০	এসএমই'র আওতায় বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ।
১১.	কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীম চালুকরণ এবং Manual of Credit Guarantee Scheme জারীকরণ প্রসঙ্গে।	২৯৩, ১০/০৮/২০ ও ১১৭০(১২০০), ১২/১১/২০	কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কীমের নীতিমালা ও Manual of Credit Guarantee Scheme জারীকরণ।
১২.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান ও পুনঃঅর্থায়ন গ্রহন প্রসঙ্গে।	১৩৩৯(১২০০), ২৬/১১/২০২০	পুনঃঅর্থায়ন ও সুদ ভর্তুকী প্রাপ্তিতে অসঙ্গতিসমূহ এবং তা নিরসনের উপায়, ঋণ মঞ্জুরীপত্রের খসড়া কপি প্রেরণ।
১৩.	বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কীম", "স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম" এবং "নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল" এ অংশগ্রহন প্রসঙ্গে।	১৩৪১(১২০০), ২৬/১১/২০২০	বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ৩টি পুনঃঅর্থায়ন তহবিলের নীতিমালা জারী করা হয়।
১৪.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।	১৩৫৯(১২০০), ০১/১২/২০২০	খাতভিত্তিক আনুপাতিক হার ও ঋণসীমার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
১৫.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।	১৭৬৪(১২০০), ২০/০১/২০২১	প্রনোদনা প্যাজেকের আওতায় বিতরিত ঋণের সুদ ভর্তুকী প্রাপ্তির বিষয়ে নির্দেশনা।
১৬.	বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২, তারিখ ০৫/০৯/২০১৯ এর আলোকে ২০২১ সালের (জানুয়ারী/২০২১ হতে ডিসেম্বর/২০২১) জন্য ব্যাংকের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ভিত্তিতে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসংগে।	১৮২৩(১২৫০), ২৮/০১/২০২১	সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ।
১৭.	নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারনে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই উদ্যোক্তাদের প্রদত্ত ঋণ/বিনিয়োগের সীমাতিরিক্ত স্থিতি নির্ধারিত সময়ের মধ্যে সমন্বয় প্রসঙ্গে।	২০৪৪(১২৫০), ২২/০২/২০২১	ত্রৈমাসিক ভিত্তিতে সুদারূপের ফলে সীমাতিরিক্ত স্থিতি নির্ধারিত সময়ের মধ্যে আদায়/সমন্বয়পূর্বক সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরনের বিষয়ে নির্দেশনা।
১৮.	করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।	২০৬৩(১২৫০), ২৫/০২/২০২১	এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর আওতায় নতুনভাবে আরও ১০০.০০ কোটি বাজেট প্রাপ্তিতে বিতরণ লক্ষ্যমাত্রা মাঠ কার্যালয়সমূহে বন্টন।

০৩। এমতাবস্থায়, ব্যাংকের ওয়েবসাইটের মাধ্যমে জারীকৃত উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটার সমূহ যথাযথভাবে অনুসরনপূর্বক সিএমএসএমই খাতে অর্থায়নের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও অত্র বিভাগ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতিপূর্বে জারীকৃত এবং ভবিষ্যতে জারীতব্য এ সংক্রান্ত সার্কুলার ও সার্কুলার লেটার সমূহ যথাযথভাবে অনুসরন করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ সিএমএসএমই খাতে ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ মাঠ পর্যায়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০১/০৩/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

চলমান পাতা-০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২০৯৮(১২৫) তারিখঃ ০১/০৩/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
01/03/2021

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক